



ক্যান্টনমেন্ট কলেজ যশোর

নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক ক্যান্টনমেন্ট কলেজ যশোর-এ পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নবর্ণিত পদে শিক্ষক (প্রভাষক) নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে আগামী ৩০/০৮/২০২২ তারিখের মধ্যে লিখিত আবেদনপত্র আহবান করা হচ্ছে।

বিস্তারিত তথ্য www.jcc.edu.bd এই ঠিকানায় Career অপশনে পাওয়া যাবে।

পদের নাম ও বিষয়	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য
প্রভাষক- পদার্থ বিজ্ঞান (স্থায়ী পদ)	জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী (৯ম গ্রেড) ২২,০০০-৫৩,০৬০/-	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ ন্যূনতম দ্বিতীয় শ্রেণির মাস্টার্স; সমগ্র শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না।
প্রভাষক- উদ্ভিদ বিজ্ঞান (চুক্তিভিত্তিক)	আলোচনা সাপেক্ষে	

সুবিধাবলীঃ

জাতীয় বেতন কাঠামো এবং কলেজ পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ভাতা (বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, শিক্ষা ভাতা, বার্ষিক ইনক্রিমেন্ট, উৎসব ভাতা, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি) সুবিধা আছে, (এই সুবিধাবলী শুধু স্থায়ী পদের ক্ষেত্রে প্রযোজ্য)।

শর্তাবলী:

১। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। 'অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট কলেজ যশোর, ট্রাস্ট ব্যাংক লিঃ, যশোর সেনানিবাস শাখা'র অনুকূলে যে কোনো সিডিউল ব্যাংক হতে 'ক' নং পদের জন্য ১০০০/- এবং খ নং পদের জন্য ৫০০/- টাকার MICR ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৩। স্থায়ী পদের প্রার্থীদের ক্ষেত্রে ৩০/০৮/২০২২ তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে। তবে চুক্তিভিত্তিক প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৪। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


৬। মোবাইল এসএমএস এবং কলেজ ওয়েব সাইটের মাধ্যমে প্রার্থীকে বাছাই পরীক্ষার তারিখ ও সময় জানানো হবে। এর জন্য পৃথকভাবে কোনো কার্ড ইস্যু করা হবে না।

৭। নিবন্ধন/ইনডেক্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। আবেদনপত্র অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট কলেজ যশোর, যশোর সেনানিবাস' -এই ঠিকানা বরাবর পাঠাতে হবে।

৯। আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১০। প্রভাষক- উদ্ভিদ বিজ্ঞান (চুক্তিভিত্তিক) পদের ক্ষেত্রে অনার্সধারী প্রার্থীগণও আবেদন করতে পারবেন।


নুররাত নুর আল চৌধুরী
লেঃ কর্ণেল
অধ্যক্ষ